নদীয়ার তৃণমূল নেতাদের ওপর ক্ষুব্ধ রাজ্যের মুখ্যমন্ত্রী মমতা ব্যানার্জী, তোলাবাজির অভিযোগ

নিজস্ব সংবাদদাতা, নদীয়া ঃ রাজ্যের মুখ্যমন্ত্রী তথা তৃণমূল কংগ্রেসের সুপ্রিমো মমতা বন্দ্যোপাধ্যায় নদীয়া জেলার নেতাদের উপর ভীষণভাবে রুষ্ট। জেলার তৃণমূল কংগ্রেসের সভাপতি গৌরীশংকরের বিরুদ্ধে ক্ষোভ উগরে দিয়েছেন মুখ্যমন্ত্রী। এছাড়াও শান্তিপুরের পৌরসভার চেয়ারম্যান তথা প্রাক্তন বিধায়ক অজয় দে'র উপরও ভীষণভাবে ক্ষুব্ধ মুখ্যমন্ত্রী মমতা বন্দ্যোপাধ্যায়। অজয় দে দল বিরোধী কাজকর্ম করছে বলেও অভিযোগ উঠেছে বা শুনেছেন মুখ্যমন্ত্রী এমনটাই বিশেষ সূত্রের খবর। এছাড়াও রাজ্যের আরেক মন্ত্রী নদীয়া জেলার বিধায়ক উজ্জ্বল বিশ্বাসের উপরও রেগে গেছেন মুখ্যমন্ত্রী। এছাড়া তোলাবাজির অভিযোগ ঘিরে তোলপাড় নদীয়া জেলা। এই ঘটনার খবরও পৌঁছে গিয়েছে মুখ্যমন্ত্রী মমতা ব্যানার্জীর কানে। তাই সরাসরি মুখ্যমন্ত্রী মমতা

ব্যানার্জী বৈঠক সেরে ফেলেছেন জেলার ওই সকল নেতাদের সাথে। বিশেষ সূত্রে জানা গিয়েছে, মুখ্যমন্ত্রীর সাথে বৈঠকে ছিলেন নদীয়া জেলার সভাপতি গৌরীশংকর দত্ত, উজ্জ্বল বিশ্বাস, কল্লোল খাঁ, নবদ্বীপের বিধায়ক পুণ্ডরীকাক্ষ সাহা। জানা গিয়েছে, নদীয়া জেলায় তৃণমূল কংগ্রেসের বৈঠক ডাকার জন্য নবদ্বীপের বিধায়ক পুণ্ডরীকাক্ষ সাহার উপরে দায়িত্ব অর্পণ করেছেন রাজ্যের মুখ্যমন্ত্রী। জেলার পর্যবেক্ষক পার্থ চট্টোপাধ্যায়কেও জবাবদিহি করতে হয়েছে মুখ্যমন্ত্রী মমতা ব্যানার্জীর কাছে। জানা গিয়েছে, দীর্ঘদিন ধরেই নদীয়া জেলায় তৃণমূলের গোষ্ঠী কোন্দল প্রকাশ্যে এসে পড়েছে। মুখ্যমন্ত্রী তথা তৃণমূল সুপ্রিমো মমতা বন্দ্যোপাধ্যায় পরিষ্কারভাবে নেতাদের সতর্ক করে দিয়েছেন যে, শান্তিপুরের বিধায়ক অরিন্দম ভট্টাচার্যের সাথে আলোচনা করে যেন কাজ করা হয়, নইলে ফলাফল ভালোর দিকে যাবে না বলে মনে করছেন রাজ্যের নেতারা। বিগত পঞ্চায়েত নির্বাচনে নদীয়া জেলায় বিরোধী শক্তি ভারতীয় জনতা পার্টি উঠে আসায় ক্ষোভ প্রকাশ করেছেন রাজ্যের মুখ্যমন্ত্রী মমতা বন্দ্যোপাধ্যায়। পঞ্চায়েতে নির্বাচনে বেশ কয়েকজনের মৃত্যু ঘটেছে যা দুঃখজনক। একদিকে তৃণমূল কংগ্রেসের গোষ্ঠী কোন্দল, অন্যদিকে বিজেপির শক্তি বৃদ্ধি এই দুটি বিষয় নিয়ে রাজ্যের মুখ্যমন্ত্রী তৃণমূল সুপ্রিমো মমতা বন্দ্যোপাধ্যায় নিজেও চিন্তিত ও নেতাদের প্রতি রুষ্ট। যারা গিয়েছে তিনি নেতাদের ধমক দিয়ে বলেছেন, জেলাতে গণসংযোগ বেশি করে বাড়াতে হবে। সরকারের প্রকল্পের কথা মানুষের কাছে বলতে হবে। রাজ্যজুড়ে ব্যাপক উন্নয়নমুখী কাজ শুরু হয়েছে, নদীয়া জেলাতেও প্রচুর কাজ হয়েছে। তাহলে বিরোধীরা শক্তিবৃদ্ধি করছে কিভাবে এই প্রশ্ন তুলেছেন খোদ মুখ্যমন্ত্রী মমতা বন্দ্যোপাধ্যায়। তাই আগামী দিন জেলাতে বৈঠক ডাকার নির্দেশ দিয়েছেন নবদ্বীপের বিধায়ক পুণ্ডরীকাক্ষ সাহাকে, সেই সাথে জেলায় তৃণমূলের শক্তিবৃদ্ধি করার উপর জোর দেওয়া হবে বলে জানা গিয়েছে। দলের মধ্যে কোনোরকম গোষ্ঠী কোন্দল বরদাস্ত করা যাবে না।

তাই দলের প্রতি আনুগত্য বাড়াতে হবে সরকারের উন্নয়নমুখী প্রকল্পের প্রচার ঘরে ঘরে পৌঁছে দিতে হবে, মানুষের আস্থাভাজন হতে হবে—এই কথাই জেলা নেতাদের বলে দিয়েছেন মুখ্যমন্ত্রী মমতা বন্দ্যোপাধ্যায়।

প্রতিবন্ধী মহিলার পাশে তৃণমূল নেতা

নিজস্ব সংবাদদাতা, আরামবাগ ঃ কিছুদিন আগে পশ্চিম মেদিনীপুরের রামজীবনপুর থেকে হুগলির আরামবাগে ভাড়া বাড়িতে থাকার জন্য এসেছিলেন পুতুল পাল নামে এক প্রতিবন্ধী মহিলা। তাঁকে ভাড়া খুঁজে দিতে সাহায্য করে আরামবাগের ৩ নম্বর ওয়ার্ডের মিলন দে, অভিজিৎ সহ বেশ কয়েকজন যুবক। ওই মহিলা জানান, ওই যুবকরা তাঁকে আরামবাগের ১৯ নং ওয়ার্ডের ফাঁসি বাগানের কাছে একটি ভাড়া বাড়ি খুঁজে দেয়। ওই ভাড়া বাড়ি খুঁজে দেবার জন্য যুবকরা প্রতিবন্ধী ওই মহিলার কাছ থেকে নাকি দেড় হাজার টাকা জোরপূর্বক আদায় করে বলে অভিযোগ তাঁর।

পরে ওই প্রতিবন্ধী মহিলা পুরো ঘটনাটি আরামবাগের টাউন তৃণমূলের এসটি, এসসি, ওবিসি সেলের সভাপতি ভোলানাথ ঘোষকে জানান। ভোলানাথবাবু পুরো ঘটনাটি শুনে আরামবাগের মহিলা থানার ওসি ঋর্ণা দাস এবং আরামবাগ সুচেতনা ইনস্টিটিউটের সদস্যও সাংবাদিক কাকলি চ্যাটার্জীর সহযোগিতায় ওই যুবকদের খোঁজ শুরু করেন। কিছুদিন পর ওই যুবকদের সন্ধান পাওয়া যায়। তারপর ওই যুবকদের কাছ থেকে টাকা উদ্ধার করে ভোলানাথবাবু প্রতিবন্ধী ওই মহিলাকে ফিরিয়ে দেন। এই ঘটনার পর ওই মহিলা জানান, আরামবাগে প্রথম এসে এই ঘটনা দেখে হতবাক হয়ে যাই। কিন্তু এখানকার তৃণমূল নেতারা যেভাবে তাঁর পাশে দাঁড়িয়ে আমাকে সাহায্যের হাত বাড়িয়ে দিয়েছেন তাতে তিনি খুব খুশি। ভোলানাথবাবু এই প্রতিবন্ধী মহিলা যাতে কোনও বিপদে না পড়েন সেই দিকে নজর রাখবেন।

এদেশে লিভারের সমস্যায় বাড়ছে মৃত্যুর হার, জানালেন চেন্নাই অ্যাপেলোর গ্যাস্ট্রোলোজি চিকিৎসক ডাঃ সেনথিল এম

নিজস্ব সংবাদদাতা, দুর্গাপুর ঃ এদেশে লিভারের সমস্যায় বাড়ছে মৃত্যুর হার বলে দুর্গাপুরে জানালেন চেন্নাই অ্যাপোলো গ্যাস্ট্রোলোজি বিভাগের বিশিষ্ট চিকিৎসক সেনথিল এম। দুর্গাপুরে এখন থেকে প্রতিমাসে একবার করে আসবেন ডাঃ সেনথিল এম। তিনি শনিবার দুর্গাপুরের কবিগুরুতে অ্যাপেলো ফার্মেসিতে একটি সাংবাদিক বৈঠকে বলেন, ভারতবর্ষে প্রতিদিন লাফিয়ে লাফিয়ে বাড়ছে লিভারের জটিল সমস্যায় ভুগতে থাকা রোগীর সংখ্যা। ৩০ হাজার রোগী বছরে



চেন্নাই অ্যাপেলোতে লিভারের বিভিন্ন সমস্যায় আসছেন। এই চিকিৎসক জানান, আধুনিক প্রজন্ম জাঙ্ক ফুড, ফাস্ট ফুডে আসক্ত, এছাড়াও তৈলাক্ত খাবার খাওয়ার কারণে এই দেশে লিভারের সংক্রমণের সংখ্যা বাড়ছে। চিকিৎসকের পরামর্শ— (১) লিভারকে ঠিক রাখতে আপনার ফ্যাটি লিভার হতে দেওয়া যাবে না। কারণ লিভারে ৮-১০ বছর ধরে জমা চর্বি থেকে দ্রুত সংক্রমণ ছড়ায়। এতে আপনার হেপাটাইটিস বি-এর মতো রোগ হয়। তাই নিয়মিত চিকিৎসক-এর পরামর্শ নিতে হবে। (২) আপনাকে তৈলাক্ত খাবার, ফাস্ট ফুড, জাঙ্ক ফুড খাওয়া কমাতে হবে। রেড মিট খাওয়া বন্ধ করুন। (৩) শরীরের অতিরিক্ত ওজন কমান। (৪) নিয়মিত শরীর চর্চা করুন। (৫) জল খান পরিমাণ মতো। লিভার প্রতিস্থাপনে পারদর্শী এই চিকিৎসক বলেন, লিভার প্রতিস্থাপনের জন্য খরচ প্রায় ৩০ লক্ষ টাকার মতো। প্রায় ২ হাজার লিভারের রোগীর লিভার প্রতিস্থাপন করা হয়েছে চেন্নাই অ্যাপেলোতে বলে দাবি এই চিকিৎসকের। পরিবারের কেউ যদি লিভারের একখণ্ড দেন তাহলে লিভার প্রতিস্থাপন করা যায়। কিন্তু এই শল্যচিকিৎসা অত্যন্ত ব্যয়বহুল বলে জানান এই চিকিৎসক।

বাইকের ধাক্কায় বৃদ্ধের মৃত্যু

নিজস্ব সংবাদদাতা, পুরুলিয়া ঃ বেপরোয়া বাইকের ধাক্কায় প্রাণ গেল এক বৃদ্ধের। শুক্রবার গভীর রাতে পুরুলিয়ার কাশীপুর থানা এলাকায় ঘটনাটি ঘটেছে। মৃতের নাম সুধীরদাস বাউরি (৬০)। তাঁর বাড়ি কাশীপুর বাজারের নপাড়া এলাকায়। জানা গিয়েছে, শুক্রবার রাত ১টা নাগাদ শৌচকর্মের জন্য পুকুরে যাওয়ার নাম করে বাড়ি থেকে বেরিয়েছিলেন তিনি। ওই সময় ছড়া কাশীপুর রাস্তায় দ্রুত গতির একটি বাইক খুব জোরে ধাক্কা মারে তাঁকে। তিনি এবং বাইকের তিনজন আরোহী রাস্তার উপর ছিটকে পড়ে গুরুতর আহত হন। তাদের চিৎকার শুনে স্থানীয়রা ছুটে গিয়ে চার জনকেই উদ্ধার করে কাশীপুরের কল্লোলীবুক প্রাথমিক স্বাস্থ্যকেন্দ্রে নিয়ে যান। কিন্তু চিকিৎসকরা দেখে সুধীরবাবুকে মৃত বলে ঘোষণা করেন। বাইকের তিনজন আরোহী চিকিৎসাধীন রয়েছেন।

পুকুর থেকে যুবকের দেহ উদ্ধার

নিজস্ব সংবাদদাতা, পুরুলিয়া ঃ পুকুরের জলে ভাসমান এক যুবকের মৃতদেহ উদ্ধার করল পুরুলিয়ার বরাবাজার থানার পুলিশ। পুলিশ জানিয়েছে, আনুমানিক বছর তিরিশের ওই যুবকের দেহ শুক্রবার বিকালে স্থানীয় আদাবনা গ্রামের কাছের একটি জলাশয়ের জলে ভাসছিল। এলাকার মানুষ সেই দৃশ্য দেখে পুলিশে খবর দেন। সন্ধ্যার দিকে ঘটনাস্থলে বরাবাজার থানার পুলিশ এসে দেহটি উদ্ধার করে। তবে মৃতের শরীরে কোনও আঘাতের চিহ্ন ছিলনা বলেই পুলিশের দাবি। কিভাবে তার মৃত্যু হয়েছে তা জানার জন্য শনিবার পুরুলিয়া সদর হাসপাতালে দেহটির ময়না তদন্ত করানো হয়েছে। ঘটনার তদন্ত শুরু করেছে পুলিশ।

সন্ধ্যার পরে জেলায় সরকারি বাস পরিষেবা চালু করতে জেলা প্রশাসনের তরফে বৈঠক

বিকাশ সুপকার, পুরুলিয়া ঃ পুরুলিয়া জেলার বেশ কিছু ব্লক এলাকার সঙ্গে রেল যোগাযোগ থাকলেও কিছু এলাকার মানুষের যোগাযোগের ভরসা বলতে সড়কপথ। রেল যোগাযোগ থেকে বিচ্ছিন্ন জেলার তেমনই ব্লক হল বাঘমুণ্ডি, মানবাজার-১ ও ২, ছড়া, পুঞ্চা, বরাবাজার, বান্দোয়ান ও আড়শা। জেলা সদর পুরুলিয়ার সঙ্গে এই এলাকার মানুষগুলির যোগাযোগের একমাত্র মাধ্যম হল বাস, ট্রেকার কিংবা ছোট কোনও যাত্রাবাহী গাড়ি। আবার প্রত্যন্ত এই এলাকার রাস্তাগুলি দিয়ে বিকেলের পর যানবাহন চলাচল বন্ধ হয়ে যায়। কোন কারণে শেষ গাড়ি ধরতে না পারা গেলে দুর্ভোগের অন্ত থাকে না। সেই সব মানুষদের হয় পুরুলিয়া শহরের কোন হোটেল কিংবা লজ ভাড়া করে রাত্রিযাপন করতে হয়। আর যাদের আর্থিক সঙ্গতি নেই তাদের রাতটুকুতে মাথা গোঁজার ঠাই বলতে হয় কোনও ফুটপাত, না হয় পুরুলিয়া রেল স্টেশনের যাত্রী প্রতিক্ষালয় নয়তো প্লাটফর্ম। কিন্তু এবার তেমন অসহায় মানুষদের দুর্দশার দিন শেষ হতে চলেছে। পুরুলিয়ার যেসব এলাকায় যেতে বিকালের পর আর গাড়ি পাওয়া যায়না, সেই সব এলাকার মানুষদের কথা মাথায় রেখে সন্ধ্যার পরেও বাস চালানোর উদ্যোগ নিল জেলা প্রশাসন। সম্প্রতি এই বিষয়ে জেলা প্রশাসনের তরফে একটি বৈঠক অনুষ্ঠিত হয় পুরুলিয়ায়। ওই বৈঠকে দক্ষিণবঙ্গ রাষ্ট্রীয় পরিবহন সংস্থার চেয়ারম্যান তমোনাশ ঘোষ, জেলাশাসক অলকেশ প্রসাদ রায়, জেলা পরিবহণ দফতরের আধিকারিক ও জেলা পরিবহণ কমিটির সহ-সভাপতি সুজয় বন্দ্যোপাধ্যায় প্রমুখরা উপস্থিত ছিলেন। জেলাশাসক জানিয়েছেন, পুরুলিয়া জেলায় কি কি ধরনের পরিবহন ব্যবস্থা রয়েছে তা দক্ষিণবঙ্গ রাষ্ট্রীয় পরিবহন সংস্থার চেয়ারম্যানকে জানানো হয়েছে। তিনি বলেন, জেলার যে সব এলাকার সঙ্গে সন্ধ্যার পর পুরুলিয়া সদরের যোগাযোগ থাকে না সেই সব এলাকায় যাতে সন্ধ্যা সাতটা বা তার পরেও বাস যোগাযোগ চালু রাখা যায় সেই প্রস্তাব দেওয়া হয়েছে। জেলা প্রশাসন সূত্রে জানা গিয়েছে, জেলার সব ব্লক ছুঁয়ে যাতে বাসগুলি যাতায়াত করতে পারে সে বিষয়ে রুট তৈরির প্রস্তাব দেওয়া হয়েছে ওই বৈঠকে। সন্ধ্যার পর পুরুলিয়া থেকে বাসগুলি ছেড়ে গন্তব্যে পৌঁছে এক একটি এলাকায় গ্যারেজ করে রাখার জন্য রঘুনাথপুর, ঝালদা, মানবাজার, বলরামপুর, বান্দোয়ান প্রভৃতি এলাকায় বাস টারমিনাস তৈরির সিদ্ধান্ত হয়েছে বলে জানিয়েছেন পুরুলিয়া জেলা পরিবহন কমিটির সহ-সভাপতি সুজয় বন্দ্যোপাধ্যায়।

পুলিশি অত্যাচারের বিরুদ্ধে হকারদের সভা

শ্যামল রায়, নবদ্বীপ ঃ বেশ কয়েকদিন ধরে ব্যাণ্ডেল-কাটোয়া রেল শাখায় নবদ্বীপ ধাম রেল স্টেশনসহ একাধিক একাধিক রেল স্টেশনে হকারদের উপর পুলিশি অত্যাচার শুরু হয়েছে বলে অভিযোগ হকারদের। রেল দপ্তরের আরপিএফ-এর বিরুদ্ধে প্রতিবাদ জানাতে শনিবার নকশাল সংগঠন ও হকার্স ব্যবসায়ীরা এক জনসভা করল রেলস্টেশন সংলগ্ন জায়গায়। এই সভাতে উপস্থিত

ছিলেন তপন ভট্টাচার্য, নীতিশ রায়, কৃষ্ণ কর্মকার সহ অনেকে। হকার নেতৃত্বের অভিযোগ, বহু গরিব মানুষ যাঁরা তাঁদের ছেলেমেয়ের মুখে দুমুঠো খাবার তুলে দেওয়ার জন্য সকাল থেকে রাত পর্যন্ত এই রেলপথে রেলের কামরায় হকারি করে সংসার চালিয়ে আসছেন। এছাড়াও বহু হকার রেলস্টেশনের প্লাটফর্মে চাকা গাড়িতে বিভিন্ন ধরনের জিনিসপত্র বিক্রি করে সংসার চালান। কিন্তু রেলের আরপিএফ হকারদের উপর অত্যাচার বা দোকান তুলে দেওয়ার নির্দেশ জারি করেছে। আরও অভিযোগ, ইতিমধ্যে নানাভাবে হকারদের জরিমানা বাবদ প্রচুর অর্থ নিচ্ছে। এর ফলে দিশেহারা হয়ে পড়েছেন হকার বন্ধুরা। তারই প্রতিবাদ জানাতে এদিন এক জনসমাবেশের ডাক দিয়েছিল হকার ব্যবসায়ীরা।

পুজোর আগেই বিষ্ণুপুরবাসীকে আধুনিক বাসস্ট্যাণ্ড উপহার দেবার উদ্যোগ মহকুমা প্রশাসনের

নিজস্ব সংবাদদাতা, বিষ্ণুপুর ঃ এবার পুজোয় বিষ্ণুপুরবাসী ঝা চকচকে আধুনিক বাসস্ট্যাণ্ড উপহার পাবে। শহরের রসিকগঞ্জে প্রায় সাড়ে সাত কোটি টাকা ব্যয়ে জোরকদমে বাসস্ট্যাণ্ড তৈরির কাজ চলছে। দোতলা বিল্ডিংয়ে একাধিক বিশ্রামাগার থেকে শুরু করে, বাস ধোয়ার জন্য গ্যারেজসহ শৌচালয় ও কিচেন রুম তৈরি হচ্ছে। এছাড়াও বাস দাঁড়ানোর জন্য তিনটি টার্মিনাস তৈরি হচ্ছে। বিল্ডিংয়ের কাজ প্রায় শেষের মুখে। টার্মিনাসের থাম তৈরি হয়ে গিয়েছে। ছাউনি সহ রং ও ইলেকট্রিকের কাজ বাকি রয়েছে। প্রশাসন সূত্রে জানা গিয়েছে, ১ বছর আগে শিলান্যাস হলেও কাজ শুরু হতে আরও প্রায় তিনমাস গড়িয়ে যায়। তবে শুরুর পর থেকে দ্রুত গতিতে নির্মাণকাজ চলায় পুজোর আগেই নতুন বাসস্ট্যাণ্ড প্রশাসনের হাতে তুলে দেওয়া হবে বলে নির্মাণ সংস্থা সূত্রে জানা গিয়েছে। মহকুমা প্রশাসনও কাজের গতিতে সন্তোষ প্রকাশ করেছেন। শহরের নাগরিকরাও খুশি হয়েছেন। বিষ্ণুপুরের এসডিও মানস মণ্ডল বলেন, বাসস্ট্যাণ্ডের নির্মাণ কাজ দ্রুত গতিতে চলছে। আশা করি এবার পুজোয় বিষ্ণুপুরবাসীর কাছে উপহার হিসাবে বাসস্ট্যাণ্ডকে তুলে দিতে পারব। বিষ্ণুপুর বাসস্ট্যাণ্ডের নির্মাণ সংস্থার সুপাইভাইজার রামপ্রসাদ অধিকারী বলেন, মূল বাসস্ট্যাণ্ডে মোট ছয়তলা বিল্ডিংয়ের অনুমোদন রয়েছে। তবে আপাতত তিনতলা তৈরি হচ্ছে। পুজোর আগেই নির্মাণকাজ সম্পূর্ণ হয়ে যাবে। বিষ্ণুপুরের রসিকগঞ্জে আধুনিক মানের বাসস্ট্যাণ্ডের শিলান্যাস হয় ২০১৭ সালের ১ জুন। পরিবহন মন্ত্রী শুভেন্দু অধিকারী তার শিলান্যাস করেন। কিন্তু বাসস্ট্যাণ্ডের ব্যবসায়ীরা পুজোর আগে দোকান ভাঙার বিষয়ে আপত্তি জানান। সেজন্য নির্মাণকাজ শুরু হতে আরও তিনমাস পিছিয়ে যায়। বাসস্ট্যাণ্ডটিকে তুড়কি ডাঙায় অস্থায়ীভাবে সরানো হয় এবং ওই বছর পুজোর পর কাজ শুরু হয়। তারপর থেকে একটানা নির্মাণ কাজ চলছে। নির্মাণ সংস্থা সূত্রে জানা গিয়েছে, বাসস্ট্যাণ্ড তৈরির কাজ প্রায় ৭০ শতাংশ হয়ে গিয়েছে। বাকি কাজ দ্রুত সম্পূর্ণ করা হবে। জানা গিয়েছে, নির্মীয়মান বাসস্ট্যাণ্ডে বাস দাঁড়ানোর জন্য মোট ৩টি টার্মিনাস তৈরি হবে। সেখানে ৩৪টি বাস এক সঙ্গে দাঁড়াতে পারবে। ১ হাজার বর্গফুট জায়গায় একটি অস্থায়ী বিশ্রামাগার হবে। এছাড়াও ১টি সাধারণ এবং পুরুষ ও মহিলাদের জন্য দুটি পৃথক স্থায়ী বিশ্রামাগার থাকবে। প্রতীক্ষালয়ে রেস্টুরেন্ট, কিচেনরুম সহ ছাদের উপর ২০ হাজার লিটার জলধারণ ক্ষমতা সম্পন্ন ১টি রিজার্ভার

বসানো হবে। এছাড়াও একসঙ্গে ১৭ জনের ব্যবহার করার মতো শৌচালয়, বেসিন ও ৪টি ট্যানাগার থাকবে। যাত্রীবাহী বাস ধোওয়ার জন্য পৃথক গ্যারেজ থাকবে। সেখানে তিনটি সাবমার্সিবল পাম্প বসানো হবে। টার্মিনাসে টিনের রঙিন শিট দিয়ে ছাউনি করা হবে। আলোর জন্য ৪টি হাইমাস লাইট বসানো হবে। স্ট্যাণ্ডে ঢোকা ও বের হবার পথ পশ্চিম দিকে মুল রাস্তায় পৃথকভাবে মিশবে। অর্থাৎ সমস্ত বাস ঝাপড় মোড়ের দিক থেকে এসে বাসস্ট্যাণ্ডে প্রবেশ করবে এবং গোপালগঞ্জের দিকে বের হবে। বিষ্ণুপুরের ৩ নম্বর ওয়ার্ডের কলেজ রোডের বাসিন্দা বিপ্লব কর্মকার বলেন, বর্তমানে শহরের একপ্রান্তে তুড়কিতে অস্থায়ী স্ট্যাণ্ড তৈরি হয়েছে। দুরত্বের কারণে সেখানে নাগরিকদের বাস ধরতে যেতে অসুবিধা হচ্ছে।

তাই আমরা শহরের প্রায় কেন্দ্রস্থল রসিকগঞ্জে নতুন বাসস্ট্যাণ্ডের উদ্বোধন দেখার জন্য একপ্রকার মুখিয়ে রয়েছি।

আপনি কি আপনার জীবনের মূল্যবান পরীক্ষায় একটু বেশি নম্বর পেতে চান ?
তাহলে আজই যোগাযোগ করুন
ব্রতচারী প্রশিক্ষণ শিবির
পরিচালনায় ঃ আরামবাগ ব্রতচারী মণ্ডলী
(নেহেরু যুব কেন্দ্র, হুগলী কর্তৃক অনুমোদিত)
স্থাপিত ঃ ১৪১২ রেজিঃ নং- এস/ওয়ান এল/৬৬৬৪৯
আরামবাগ, হুগলী
স্থান ঃ বিষ্ণুপুর প্রাথমিক বিদ্যালয় প্রাঙ্গন, কালিপুর
(নেতাজী মহাবিদ্যালয়ের পাশে)
শিবিরের সময়কাল ঃ ২৭শে আগস্ট – ৮ই সেপ্টেম্বর
সঙ্গে থাকবে First Aid Training এর ব্যবস্থা।
প্রান্তিক অনুষ্ঠান ঃ ৯ই সেপ্টেম্বর স্থান ঃ আরামবাগ রবীন্দ্রভবন।
অনুষ্ঠানের বিশেষ আকর্ষণ ঃ- উড়িষ্যার কালাহান্দি উপজাতি সম্প্রদায়ের নৃত্য ও অসমের বিহু নৃত্য।
মোঃ 7548038080, 9547735850, 9093014017